

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.৩২৩.১৬/৪০৯

তারিখঃ ০৯/০১/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, আপনি জনাব বরুন কুমার গুহ রায় নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজে নিজ বেতনে ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব) পূর্বতন ল্যাবরেটরী বিয়ারার পদে কর্মরত আছেন।

- ২। আপনি আপনার বেতন বৈষম্য দূরীকরণ বিষয়ে আবেদন করলে তার স্বপক্ষে প্রমাণক চাওয়া হলে আপনি সঠিক প্রমাণক দাখিল করতে পারেননি। আপনার দাবীর বিষয়ে গত ২৪/১১/২০১৬ খ্রিঃ তারিখ পরিচালক (ভোকেশনাল) মহোদয়ের কক্ষে সাক্ষ্যাৎকার গ্রহণ করা হলে সাক্ষ্যাৎকারে আপনার দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজ পত্র ও যুক্তি উপস্থাপন করতে পারেননি।
- ৩। আপনি জনাব বরুন কুমার গুহ রায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ছাড়াই সরাসরি বিভিন্ন আবেদন ও অভিযোগ মন্ত্রণালয় ও অধিদপ্তরে প্রেরণ করেন। যা সরকারি কর্মকর্তা ও কর্মচারী (আচরন) বিধি ১৯৭৯-এর বিধিমালা অনুযায়ী অসদাচরনের সামিল।
- ৪। আপনি জনাব বরুন কুমার গুহ রায় বিধি বর্হিভূত দাবী আদায়ের নিমিত্ত জাতীয় সংসদ সদস্যসহ বিভিন্ন পর্যায়ে তদবির করেন এবং অধিদপ্তরের পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীদের নামে তাচ্ছিল্য করে মনগড়া অভিযোগ প্রদান করেছেন। যা সরকারী কর্মচারী (আচরন) বিধিমালা-১৯৭৯ এর ধারা ২০ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।
- ৫। আপনি জনাব বরুন কুমার গুহ রায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের ই-মেইলে বিভ্রান্তিকর পত্র ও কাগজ পত্র প্রেরণ করেছেন। যা সরকারি কর্মকর্তা ও কর্মচারী (আচরন) বিধি ১৯৭৯-এর বিধিমালা অনুযায়ী অসদাচরনের সামিল।

এমতাবস্থায়, কেন আপনার বিরুদ্ধে সরকারি কর্মকর্তা ও কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ২. এফ (iv) ধারা মোতাবেক আইনানুগ ব্যবস্থা নেয়া হবে না তা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


প্রাপক : জনাব বরুন কুমার গুহ রায়
নিজ বেতনে ক্রাফট ইন্সট্রাক্টর (ল্যাব)
পূর্বতন ল্যাবরেটরী বিয়ারার
নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ
নীলফামারী।

অনুলিপি:

- ১। অধ্যক্ষ, নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা ওয়েব সাইটে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।